



ইনস্টিটিউট অভ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS)
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

জুলাই-ডিসেম্বর/২০১৯ সেমিস্টারে MBA in Agribusiness কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আওতাধীন ইনস্টিটিউট অভ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS)-এ জুলাই-ডিসেম্বর/২০১৯ সেমিস্টারে পূর্ণকালীন **MBA in Agribusiness** কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদান করা হলো :

ডিগ্রী: MBA in Agribusiness
সময়কাল: দুই বছর (ইন্টারনশীপ/থিসিস সেমিস্টার সহ চার সেমিস্টার)
ক্রেডিট: ৬৪

শিক্ষাগত যোগ্যতা :

- প্রার্থীদেরকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞানে অথবা এর সমমানের কমপক্ষে ৪ (চার) বৎসরের ডিগ্রী থাকতে হবে।
- ক্রেডিট কোর্স পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদেরকে জিপিএ ৪.০ এর মধ্যে কমপক্ষে ৩.০ অথবা ৫.০ এর মধ্যে কমপক্ষে ৪.০ থাকতে হবে। পুরাতন পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদের এসএসসি থেকে স্নাতক/স্নাতকোত্তর বা সমতুল্য পরীক্ষা সমূহের মধ্যে সব পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

অন্যান্য তথ্যাদিঃ

- পূর্বলী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চত্তর শাখা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) প্রদান পূর্বক ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র আগামী ১৫ মে ২০১৯ থেকে ০৪ জুলাই ২০১৯ পর্যন্ত সংগ্রহ করা যাবে। সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ০৪ জুলাই ২০১৯ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে IADS-অফিসে জমা দিতে হবে।
- আবেদনপত্রের সাথে সত্যায়িত সকল পরীক্ষার সার্টিফিকেট, মার্কশিট এবং ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি সংযোজন করতে হবে। সদ্য অনার্স ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রভিশনাল সার্টিফিকেট গ্রহণযোগ্য।
- ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক (Communication, Mathematics & Analytical Ability) এবং রচনামূলক (Essay writing & Interpretation skill) এই দুই ভাগে বিভক্ত থাকবে।
- ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী নির্ধারিত ভর্তি ফি জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।
- চাকরিরত প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে “অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য চার সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ২৪ মাসের ছুটি প্রদান করা হবে”- এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে। ভর্তির তারিখ হতে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজপত্র জমা দিতে হবে, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অবশ্যই মাইগ্রেশন সার্টিফিকেট সংযোজন করতে হবে।
- ভর্তি পরীক্ষার ফলাফল IADS-এর নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (www.bau.edu.bd/dept/iads)-এ প্রকাশ করা হবে।
- বিস্তারিত নিয়মাবলী ও ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্যাদি IADS-অফিস থেকে সংগ্রহ করতে হবে।
(প্রয়োজনে: +88 01723-94 77 55)।
- ভর্তিযোগ্য আবেদনপত্র সমূহ একাডেমিক কমিটির মাধ্যমে সুপারিশসহ কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি অফিসে প্রেরণের শেষ তারিখ ২২ জুলাই ২০১৯।
- অসম্পূর্ণ, অনিয়মিত এবং অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

গুরুত্বপূর্ণ তারিখ :

আবেদনপত্র সংগ্রহ ও জমাদান	১৫ মে ২০১৯ - ০৪ জুলাই ২০১৯
ভর্তি পরীক্ষা	০৯ জুলাই ২০১৯
ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	১১ জুলাই ২০১৯
ভর্তির তারিখ	১৪ জুলাই ২০১৯ - ১৮ জুলাই ২০১৯
ক্লাস শুরু	২৪ জুলাই ২০১৯